



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা



"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরাদীন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখানুযায়ী ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত ২৬আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
স্থান : zoom platform, মহাপরিচালক এর সভাকক্ষ।
তারিখ : ২৬/০৮/২০২১। সময়: সকাল : ১০.০০
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ)

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন অফিসার জানান, ২০১৭-১৮ অর্থ বছর হতে বর্তমান সময় পর্যন্ত মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক গৃহীত ২১টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ১৮টি শেষ হয়েছে। ০৩টি উদ্যোগ পাইলটিং আকারে চলমান রয়েছে। উদ্যোগগুলো যথাক্রমে: (ক) অপরাজেয় নারী, (খ) নির্ভয়ে পথচলা এবং (গ) আলোর ডুবনে নারী। সেবা সহজিকরণ ও ডিজিটাইজ এর আওতায় যথাক্রমে ক্ষুদ্রঋণ সেবা ও মহিলা স্বেচ্ছাসেবী সমিতি নিবন্ধন সংক্রান্ত উদ্যোগ বর্তমানে লাইভে আছে।

সভায় ৮ বিভাগে কর্মরত উপপরিচালকগণ নিজনিজ জেলা ও জেলাধীন উপজেলাসমূহে চলমান উদ্ভাবনী উদ্যোগ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপপরিচালকগণ জানান, জেলা উপজেলায় ইনোভেশন খাতে কোন বাজেট বরাদ্দ না থাকায় উদ্ভাবনী উদ্যোগসমূহ সঠিকভাবে বাস্তবায়ন ও এর ধারাবাহিকতা রক্ষায় আর্থিক সমস্যার মুখোমুখি হতে হচ্ছে। ইনোভেশন খাতে কোড সৃজনপূর্বক প্রয়োজনীয় বাজেট বরাদ্দের বিষয়ে তাঁরা মহাপরিচালক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের পর্যবেক্ষকের দৃষ্টি আকর্ষণ করেন।

উদ্ভাবনী উদ্যোগের রেল্লিকেশন বাস্তবায়নের পূর্বে এ সম্পর্কে অবহিতকরণ সভার আয়োজন করা হলে উদ্যোগ সম্পর্কে সম্যক ধারণা লাভ এবং সঠিকভাবে উদ্যোগটি বাস্তবায়ন সম্ভব হবে বলে উপপরিচালক সিলেট সভায় মত প্রকাশ করেন।

সহকারী পরিচালক মহিলা সহায়তা কর্মসূচি, খুলনা অপরাজেয় নারী উদ্যোগটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য বহুমুখী প্রশিক্ষণ চালু করতে আর্থিক সহায়তা প্রদানসহ বোর্ডারদের আদালত ও হাসপাতালে আনা-নেয়ার জন্য গাড়ীর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। উপপরিচালক মানিকগঞ্জ পর্যালোচনা সভা ত্রৈমাসিকভাবে করার অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মীরসরাই, চট্টগ্রাম উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য আইটি খাতে বাজেট বরাদ্দের অনুরোধ করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার পর্যবেক্ষক হিসেবে পর্যালোচনা সভা পর্যবেক্ষণ করেন। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের ক্ষেত্রে মহিলা বিষয়ক অধিদপ্তর অন্যান্য দপ্তরের চেয়ে অনেক এগিয়ে থাকায় তিনি মহাপরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন। ডিজিটাইজকৃত সেবাসমূহ যেন সব সময় লাইভে থাকে এবং কার্যক্রম চলমান থাকে, সে বিষয়ে আন্তরিকভাবে কাজ করবার জন্য সংশ্লিষ্ট উপপরিচালকদের অনুরোধ করেন। তিনি তাঁর বক্তব্যে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে প্রমাণক রাখতে অনুরোধ করেন। নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ দেন।

মহিলা বিষয়ক অধিদপ্তর এর মহাপরিচালক বলেন যে, কোন কর্মকর্তা উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করে যদি সফল ভাবে বাস্তবায়ন করতে সক্ষম হন, তবে তাদের ভালো কাজের জন্য পুরস্কৃত করা হবে। কোন উদ্যোগ যেন পাইলটিং পর্যায়ে শেষ হয়ে না যায়, এজন্য সদর কার্যালয়ের মনিটরিং টিমকে নিয়মিত মনিটরিং করার জন্য নির্দেশ প্রদান করেন। জনগণের দৌরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন এর ক্ষেত্রে আর্থিক সংস্থানের প্রয়োজন থাকলে সেটি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার এর দৃষ্টি আকর্ষণ করেন।

পর্যালোচনা সভার সিদ্ধান্ত:

- উদ্ভাবনী উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়ন করতে প্রয়োজন অনুযায়ী বাজেট প্রেরণের জন্য ইনোভেশন খাতে বাজেট কোড খোলার বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- উদ্ভাবনী উদ্যোগের রেল্লিকেশন সারাদেশে বাস্তবায়নের পূর্বে অবহিতকরণ সভা ও নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।
- সদর কার্যালয়ের মনিটরিং টিমকে নিয়মিত মনিটরিং করে ৩মাস অন্তর প্রতিবেদন প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করবার আহ্বান জানিয়ে সভা শেষ করা হয়।


২৯/০৮/২০২১
(রোম চন্দ্র দাস)


মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০২১.২৫.০১১.২০- ৬৮

তারিখ: ২৯/০৮/২০২১

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):

- ১। উপপরিচালক, (সকল) সদর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ পরিচালক, (সকল) জেলা কার্যালয়
- ৩। ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ
- ৪। সহকারী পরিচালক, মহিলা সহায়তা কর্মসূচি, (সকল).....
- ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সকল).....
- ৬। প্রোগ্রাম অফিসার, উপপরিচালকের কার্যালয়,
- ৭। মহাপরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।


২৯/০৮/২০২১
(ফরিদা খানম)

উপপরিচালক (ম্যাজি:)

ও

ইনোভেশন অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।